



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল


স্মারক নং-বশিবো/জেএসসি(০২)/২০২১/২৭৭৩

তারিখঃ ২৩/০৩/২০২১ খ্রি.

বিষয়ঃ জেএসসি-২০২০ নিবন্ধন কার্ড সংশোধন সংক্রান্ত নোটিশ।

- ০১। কোন শিক্ষার্থীর নিবন্ধন কার্ডে অসংগতি পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কার্ডটি অত্র বোর্ডে জমা দেয়ার জন্য বলা হলো। নিবন্ধন কার্ডে শিক্ষার্থীর নিজ নাম, পিতার নাম, মাতার নামের আক্ষরিক ভুল, জন্ম তারিখ, (পিতা/মাতার ভোটার আই ডি কার্ড, পিইসি সনদ, জন্ম নিবন্ধন সনদ অনুসারে), বিষয় কোড, সেক্স, শ্রেণি রোল, সেকশন ভুল হলে ২৫-০৩-২০২১ থেকে ১০-০৪-২০২১ তারিখ পর্যন্ত ২০০/-টাকার ডিডি/পে-অর্ডার দিয়ে সংশোধন করা যাবে। তবে উল্লেখ থাকে যে, এ সকল কার্ড সংশোধনকালে পিতা/মাতার ভোটার আই ডি কার্ড, শিক্ষার্থীর পিইসি সনদ, জন্ম সনদের মূল কপি অবশ্যই প্রদর্শন করতে হবে।
- ০২। নিবন্ধন কার্ডে শিক্ষার্থীর ছবি না থাকলে উক্ত শিক্ষার্থীর ১/১ সাইজের ছবি আইকা দিয়ে লাগিয়ে ছবির উপর প্রধান শিক্ষকের সত্যায়নসহ বোর্ডে জমা দিয়ে বিদ্যালয় পরিদর্শকের স্বাক্ষর করিয়ে নিতে হবে। (কোন ক্রমেই ছবির উপর ছবি লাগানো যাবে না)
- ০৩। কোন শিক্ষার্থীর ছবি পরিবর্তন হয়ে গেলে কার্ড বিতরণ না করে ছবি বিহীন নিবন্ধন কার্ডসহ প্রধান শিক্ষক স্কুল প্যাডে আবেদন করবেন। ছবি বিহীন কার্ডের জন্য ১০০/-টাকার ডিডি/পে-অর্ডার জমা দিতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে


২৩-০৩-২১

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

বরিশাল।
২৩.০৩.২১

প্রধান শিক্ষক

অত্র বোর্ডের আওতাধীন সকল

অনুমতিপ্রাপ্ত/স্বীকৃতিপ্রাপ্ত

মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক বিদ্যালয়।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে বিতরণঃ

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল
- ০২। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
- ০৩। হিসাব রক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
- ০৪। সিস্টেম এনালিস্ট (ভারপ্রাপ্ত) কম্পিউটার কেন্দ্র, বরিশাল (শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ০৫। পি,এস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
- ০৬। সংরক্ষণ নথি